জানুয়ারি- এপ্রিল ২০২১ মেয়াদে কোভিড-১৯ মোকাবেলায় গৃহীত কার্যক্রমসমূহ:

## ০১. সমাজকল্যাণ মন্ত্রণালয়

- প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ২৯ মার্চ ২০২১ তারিখে ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪ সংখ্যক প্রজ্ঞাপন, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৪ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ সংখ্যক পত্র এবং ১২ এপ্রিল ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থাকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সীমিত পরিসরে অফিস খোলা রাখার জন্য ১১ এপ্রিল ২০২১ তারিখে ৪১.০০.০০০০.০১৬.৯৯.৩৫.২০-৪৫২ সংখ্যক অফিস আদেশ জারী করা হয়।

- ১২ এপ্রিল ২০২১ তারিখে ৪১.০০.০০০০.৯৯.০৩৬.১৭৯.২০৮১.১৬০ সংখ্যক অফিস আদেশ জারীর মাধ্যমে করোনাভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়রের কর্মকর্তা-কর্মচারীদের সার্বিক সহযোগিতার প্রদানের জন্য কুইক রেস্পন্স টিম (Quick Response Team) গঠন করা হয়।

- ১১ এপ্রিল ২০২১ তারিখে ৪১.০০.০০০০.০১৬.৯৯.৩৫.২০-৪৬৬ সংখ্যক অফিস আদেশে করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত কার্যক্রম তদারকির জন্য এ মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম চালু করা হয়।

- মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ব্যবহৃত ওয়াশরুমগুলো নিয়মিত জীবানু নাশক দিয়ে চারবার পরিস্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে।
- ওয়াশরুমে সর্বদা হ্যান্ডওয়াশ সরবরাহ করা হচ্ছে।
- স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রশাসন-২ শাখা হতে সার্বিক বিষয়ে সহযোগিতা করা হচ্ছে।
- বৈশ্বিক মহামারী (কোভিড-১৯) করোনা ভাইরাস মোকাবেলায় কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য হ্যাক্সিসল, হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক ও হ্যান্ড গ্লাভস, সেভলন স্প্রে, সেভলন, লিকুইট হ্যান্ড ওয়াশ, ফ্রেশিয়াল টিস্যু, টয়লেট টিস্যুসহ ফেস চশমা ইত্যাদি সরবরাহ করা হচ্ছে।
- মন্ত্রণালয়ে প্রবেশ পথে থার্মাল স্ক্যানার/থার্মোমিটার দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করে অফিসে প্রবেশ নিশ্চিত করা হচ্ছে।

- কর্মকর্তা/কর্মচারীদের করোনা প্রতিরোধে বিভিন্ন সাধারণ নির্দেশনাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিয়মিত মনে করিয়ে দেয়া এবং স্বাস্থ্যবিধিসমূহ মেনে চলছে কিনা তা মনিটরিং করা হচ্ছে।

- কোভিড-১৯ মোকাবেলায় ৪টি অটোমেটিক হ্যান্ড সেনিটাইজার মেশিন স্থাপন করা হয়েছে।

- কোভিড-১৯ মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নো মাস্ক নো এন্ট্রি স্টিকার ও ব্যানার বিতরণ ও স্থাপন কর হয়েছে।
- করোনাভাইরাস (কোভিড-১৯) বৃদ্ধির সাথে সাথে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য বিধি অনুসরণ করে বাসা হতে কর্মস্থলে আনা-নেওয়া করা হচ্ছে।

## ০২. সমাজসেবা অধিদফতর

- কোভিড-১৯ পরিস্থিতিতে সমাজসেবা অধিদফতরাধীন জাতীয় সমাজসেবা একাডেমির চাকুরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম ভার্চুয়াল প্লাটফর্মে পরিচালিত হচ্ছে। আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম ও ইনহাউজ প্রশিক্ষণ কার্যক্রম কঠোর স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অনুষ্ঠান নিশ্চিত করা হচ্ছে।
- সদর কার্যালয়ে আয়োজিত বিভিন্ন সভা কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনাক্রমে জুম প্লাটফর্মে নিয়মিত আয়োজন করা হচ্ছে। ১২ এপ্রিল ২০২১ পর্যন্ত সকল সভা জুম প্লাটফর্মে আয়োজন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- কোভিড-১৯ সংক্রমণ ঝুঁকিহ্রাসে বিভিন্ন দিবস উদযাপন সীমিত পরিসরে অনুষ্ঠান নিশ্চিতকরণ এবং যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে।
- সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়সহ সকল ইউনিট অফিস নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখা, জীবাণুমুক্তকরণ, সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা ও ঢাকনাযুক্ত ময়লার বিন স্থাপন নিশ্চিত করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতরের প্রধান কার্যালয়ের প্রবেশমুখে আগত সেবা গ্রহীতাদের জন্য  টেম্পারেচার গান ও জীবাণুনাশক টানেল স্থাপন করা হয়েছে।
- মাঠ পর্যায়ে করোনা সংক্রমণ এর বিষয়টি মনিটরিং এর জন্য পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতরের নেতৃত্বে করোনা সংক্রমণ প্রতিরোধ সংক্রান্ত ৯ সদস্য বিশিষ্ট মনিটরিং সেল গঠন করা হয়েছে।
- সরকারি শিশু পরিবার, ছোটমণিনিবাসসহ সমাজসেবা অধিদফতরের সকল আবাসিক প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধানগণকে সার্বক্ষণিক অবস্থানের নির্দেশনা প্রদান করা হয়েছে।
- আবাসিক প্রতিষ্ঠানে অবস্থানরতনিবাসীদের সাথে বহিরাগত এবং অভিভাবকবৃন্দের সাক্ষাৎ এর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন এবং নিবাসীদের স্বাস্থ্যবিধি অনুসরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতরের সকল আবাসিক প্রতিষ্ঠানের নিবাসীদের অভ্যন্তরীণ পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- সকল শিশু পরিবারসহ আবাসিক প্রতিষ্ঠান ও ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত নিবন্ধিত বেসরকারি এতিম খানায় কোয়ারেন্টাইন কক্ষ স্থাপন, খাদ্যমেন্যুতে ভিটামিন সি যুক্ত ট্যাবলেট, লেবু-পানি যুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতরাধীন সরকারি আশ্রয় কেন্দ্রে আগত সকল নিবাসীকে ১৪ দিনের জন্য কোয়ারেন্টাইনে রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।
- সকল নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাকে করোনা সংক্রমণ প্রতিরোধে স্ব স্ব সুবিধাভোগীদের সম্পৃক্ত করে কর্মসূচির গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।
- কোভিড-১৯ এর কারণে স্থবির গ্রামীণ অর্থনীতি  সচল করার লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) এর আওতায় পরিচালিত সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম খাতে অতিরিক্ত ১০০ কোটি টাকা সুদমুক্ত ক্ষুদ্রঋণ হিসেবে বরাদ্দের সংস্থান রাখা হয়। ইতোমধ্যে ২০২০-২১ অর্থবছরে আবর্তক ক্ষুদ্রঋণ খাতে ৫০ কোটি টাকার মধ্যে ২য় কিস্তির ১২ কোটি ৫০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন সামাজিক নিরাপত্তা কর্মসুচির ভাতাভোগীগণ যাতে করোনা সংক্রমণের ঝুঁকি এড়িয়ে ইলেক্ট্রনিক পদ্ধতিতে দ্রুত ভাতার অর্থ ঘরে বসেই হাতে পান সে লক্ষ্যে জিটুপি পদ্ধতিতে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। মোট ৮৮ লক্ষ ৫০ হাজার জন ভাতাভোগীর মধ্যে  ১২ লক্ষ ৩৭ হাজার ভাতাভোগীর ভাতার অর্থ এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে প্রদান চলমান রয়েছে। বাকি ভাতাভোগীদের মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (নগদ ও বিকাশ) এর মাধ্যমে ভাতার অর্থ সরাসরি ভাতাভোগীর মোবাইলে প্রেরণের উদ্যোগ বর্তমানে চলমান রয়েছে।

- করোনা সংক্রমণ প্রতিরোধে সেবাগ্রহীতা ও সেবাপ্রত্যাশীদের সচেতন করার লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের অফিসিয়াল ফেসবুক পেইজ, অধীনস্থ সকল কার্যালয়ের দাপ্তরিক ওয়েবসাইটে সচেতনতামূলক পোস্টার ও বার্তাসমূহ ব্যাপক প্রচারের নির্দেশনা প্রদান করা হয়েছে।

## ০৩. জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

- প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসার জন্য ফাউন্ডেশন হতে চলতি বছর প্রায় ৫ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান;
- ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের জনবলকে স্বাস্থ্য বিধি মেনে সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং বিষয়টি নিয়মিত মনিটরিংকরণ;
- প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের জনবলের থেরাপিউটিক সেবা প্রদানের সাথে জড়িতদের সুরক্ষার জন্য উন্নতমানের সেনিটাইজার,হ্যান্ড গ্লাবস ও মাকস ক্রয় করে বিতরণ;
- জনসচেতনতা তৈরির জন্য লিফলেট তৈরি পূর্বক বিতরণ;
- কর্মকর্তা/কর্মচারীদের সুরক্ষার জন্য ফাউন্ডেশনের প্রধান ফটকে জীবানুনাশক ট্যানেল স্থাপন;
- কোভিড-১৯ এর এই ঝুঁকির মধ্যেও প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের থেরাপিউটিক সেবাসহ রেফারেল সেবা প্রদান;
- মোবাইল থেরাপি ভ্যানের মাধ্যমেও প্রত্যন্ত গ্রামাঞ্চলে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে ব্যক্তিদের থেরাপিউটিক সেবা প্রদান;
- প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনামুল্যে নিয়মিত সহায়ক উপকরণ বিতরণ।

## ০৪. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

| কার্যক্রম | সংখ্যা | ব্যয়িত অর্থ | এলাকা ও উপকারভোগী | মন্তব্য |
|---|---|---|---|---|
| পুন: ব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক বিতরণ | ৩৩০০০ | ৪৯,৫০,০০০/- | সারা দেশে ৩৩০০০ | নিয়মিত বাজেট বরাদ্দ হতে |
| অসহায়, গরীবদের বিশেষ অনুদান | ৭৮ | ২২,৭০,০০০/- | সারা দেশে ৭৮ | |
| অক্সিজেন সিলিন্ডার ও আনুষঙ্গিক সরঞ্জামাদি বিতরণ | ১৫ | ২,৪০,০০০/- | রংপুর, লালমনিরহাট, নেত্রকোনা | |
| হাসপাতাল রোগী কল্যান সমিতিসমূহে অনুদান | ৫২৪ টি | ১৪,৩৯,০০,০০০ | সারাদেশে | |
| মোট | | ১৫,২৩,৬০,০০০/- | | |

## ০৫. শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট

- কোভিড-১৯ সংক্রমন, বিস্তার রোধ সকল প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি পুরাপুরি মেনে চলা হচ্ছে।
- কর্মকর্তা, কর্মচারীদের সার্বক্ষনিক মাস্ক পরিধান করা বাধ্যতামূলক করা হয়েছে।
- সকল প্রতিষ্ঠানের গেটে হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।
- এতিমখানার কোন নিবাসীকে খোলা মাঠে বের হতে দেয়া হয়না।
- তাদের নিয়মিত সকাল বিকাল পড়াশুনার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

## ০৬. নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

- কোভিড ১৯ সংক্রমণকালে এনডিডি স্কুলসমূহে অনলাইন ক্লাসের অগ্রগতি ও এনডিডি বৈশিষ্টসম্পন্ন শিশু/ব্যক্তিদের মানসিক স্বাস্থ্য বিষিয়ে করণীয় সম্পর্কে অনলাইন প্লাটফর্মের মাধ্যমে অংশীজনদের সভার আয়োজন করা হয়।
- কোভিড ১৯ মহামারি চলাকালীন স্বাস্থ্যবিধি অনুসরণ করে 'বিশ্ব ডাউন সিনড্রোম দিবস ২০২১' উদযাপন উপলক্ষ্যে অনলাইন প্লাটফর্মে আলোচনা সভার আয়োজন করা হয়।
- কোভিড ১৯ মহামারি চলাকালীন স্বাস্থ্যবিধি অনুসরণ করে এনডিডি সুরক্ষা ট্রাস্টের আওতায় অনলাইন প্লাটফর্মের মাধ্যমে এনডিডি বৈশিষ্টসম্পন্ন শিশু/ব্যক্তিদের মাতা-পিতা/অভিভাবকগণের গৃহ ভিত্তিক পরিচর্যা বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়। এ পর্যন্ত ৬ (ছয়) টি ব্যাচ এ ১৮০ জন প্রশিক্ষণার্থীদের ১৪ এপ্রিল ২০২১ পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এছাড়াও অনলাইন প্লাটফর্মের মাধ্যমে এনডিডি বিদ্যালয়সমূহের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। এ পর্যন্ত ৫ (পাঁচ) টি ব্যাচ এ ১৫০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কোর্সটির ৬ষ্ঠ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং ২৪ এপ্রিল ২০২১ হতে ৭ম ব্যাচ এর প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে।
- এনডিডি সুরক্ষা ট্রাস্টের আওতায় প্রতি অর্থ বছরে অস্বচ্ছল এনডিডি ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়। বর্তমানে কোভিড ১৯ মোকাবেলায় স্বাস্থ্যবিধি অনুসরণ করে উক্ত অনুদানের অর্থ G2P পদ্ধতিতে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে সরাসরি উপোকারভোগিদের নিকট প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- বিশ্ব পরিস্থিতিতে বিদ্যমান কোভিড-১৯ মহামারিকে সামনে রেখে 'মহামারিত্তোর বিশ্বে ঝুঁকি প্রশমন, কর্মক্ষেত্রে সুযোগ হবে প্রসারণ' এই প্রতিপাদ্য নিয়ে গত ০২ এপ্রিল ২০২১ খ্রিঃ বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদযাপন উপলক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধিতে পোস্টার ও লিফলেট মূদ্রণ ও বিতরণ, সড়কদ্বীপ সজ্জিত করণ এবং নীলবাতি প্রজ্জ্বলনসহ বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

## ০৭. শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প)

- অফিস চলাকালীন সার্বক্ষণিক মাস্ক ব্যবহার, হাত ধোয়া, স্যানিটাইজেশন করাসহ শারীরিক দূরত্ব বজায় রেখে সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যাবলী সম্পাদন করতে হবে।
- মুক্তা ড্রিংকিং ওয়াটার ও মৈত্রী প্লাস্টিক পণ্য উৎপাদনে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী শ্রমিকগণ দুই শিফটে ভাগ হয়ে সীমিত জনবল দিয়ে পরিচালিত হবে।
- মুক্তা ড্রিংকিং ওয়াটার ও মৈত্রী প্লাস্টিক পণ্য উৎপাদন ও সরবরাহ সচল রাখতে কেবলমাত্র প্রয়োজনীয় সীমিত জনবল (ড্রাইভারসহ) নিয়োজিত থাকবেন। ইউনিট প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।
- অসুস্থ ও বয়স্ক প্রতিবন্ধী শ্রমিক /কর্মচারীদের আপাতত অফিসে না আসার অনুরোধ করা হলো। ফ্যাক্টরি ম্যানেজার ও প্রসাশনিক কর্মকর্তা বিষয়টি তদারকি করবেন।
- লকডাউনকালীন যতদূর সম্ভব দাপ্তরিক /প্রশাসনিক কার্যাদি ও আলোচনা অনলাইন ভার্চুয়াল প্লাটফর্মে সম্পাদন করা হবে।